



# ভালো স্পর্শ ও খারাপ স্পর্শ



# ভালো স্পর্শ ও খারাপ স্পর্শ



এই সহায়ক উপকরণটি ২ থেকে ৭ বছর বয়সি শিশুকে ভালো ও খারাপ স্পর্শ সম্পর্কে শেখানোর জন্য তৈরি করা হয়েছে। প্রতিবন্ধী শিশুদের সুরক্ষা সংক্রান্ত ঝুঁকি অপ্রতিবন্ধী শিশুদের তুলনায় অনেক বেশি। বেশিরভাগ ক্ষেত্রেই শিশু বিষয়টি বুঝতে এবং বোঝাতে না পারায় যৌন নির্যাতনের সহজ টার্গেটে পরিনত হয়। এই ধরনের কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি থেকে রক্ষা করতে তাকে ভালো স্পর্শ ও খারাপ স্পর্শ সম্পর্কে জানানো ও বোঝানো জরুরী। বিশেষকরে, শ্রবণদৃষ্টি প্রতিবন্ধী শিশুরা যেহেতু অনেক ক্ষেত্রেই স্পর্শ ভাষার উপর নির্ভরশীল থাকে, তাই তাদের জন্য শরীরের কোথায় স্পর্শ করা গ্রহনযোগ্য এবং কোথায় স্পর্শ গ্রহনযোগ্য নয় তা বোঝাটা খুবই গুরুত্বপূর্ণ।

## নির্দেশিকা:

- সহায়ক উপকরণটি শিশুর সামনে উপস্থাপন করে ছবির সাথে তার নিজের অঙ্গপ্রত্যঙ্গ মিলিয়ে দেখাতে হবে।
- সবুজ রঙ করা স্থানে স্পর্শ করলে সেটা ঠিক আছে কিন্তু লাল রঙ করা স্থানে স্পর্শ গ্রহণযোগ্য নয় সেটা শিশুকে বুঝিয়ে দিতে হবে।
- যাচাই করে দেখতে হবে যে শিশু বুঝতে পেরেছে কী না। যেমন তার মাথায় হাত দিয়ে প্রশ্ন করতে হবে এখানে হাত দিয়ে আদর করলে কি ঠিক আছে? শিশু বৃদ্ধাঙ্গুলি উপরে উঠিয়ে বা নিচে নামিয়ে জবাব দেবে।
- বার বার যাচাই করে দেখতে হবে।
- শিশুর দৃষ্টিশক্তি কম থাকলে বা একদমই না থাকলে, তাকে তার শরীরের বিভিন্ন স্থান (এই উপকরণে যেমনটি দেয়া আছে) স্পর্শ করিয়ে ভালো ও খারাপ স্পর্শ সম্পর্কে ধারণা দিন এবং নিশ্চিত করুন যে সে বুঝতে পেরেছে।
- শিশুকে বুঝিয়ে দিতে হবে, যদি কেউ খারাপ স্পর্শ করতে চায় তাহলে যেন বাধা দেয় এবং বিশ্বস্ত কাউকে বলে।
- অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়াতে শিশুর মা-বাবা বা ঘনিষ্ঠ এবং বিশ্বস্ত কেউ ছাড়া অন্য কেউ একা একা শিশুর সাথে এই রিসোর্সটি ব্যবহার করতে পারবেন না।